



COTTON USA™
THE COTTON THE WORLD TRUSTS

সফলতার গল্প: চীন ফ্যাশন সপ্তাহ ২০১৮

আদ্রিয়ানো গোয়েস্মিথ ও চ্যান ওয়েনের সঙ্গে ডেনিম উদ্ভাবন



অনুমোদিত ও অংশীদারিত্বের সুযোগ সম্পর্কে আরও জানতে, আপনার স্থানীয় সিসিআই প্রতিনিধির সঙ্গে যোগাযোগ করুন। অঞ্চল অনুযায়ী প্রতিনিধিদের তালিকা দেখতে [এখানে ক্লিক](#) করুন।

সৃষ্টিশীলতার সঙ্গে তুলার সাক্ষাৎ

বেইজিংয়ে চীন ফ্যাশন সপ্তাহে ২০১৮/১৯ শরৎ/শীত ডেনিম সংগ্রহ চালু করতে কটন ইউএসএ “ডেনিমের গডফাদার” খ্যাত আদ্রিয়ানো গোয়েস্মিথ ও চ্যান ওয়েনের সঙ্গে যৌথভাবে কাজ করে। ব্র্যান্ডের প্রচারণা ও চলতি ফ্যাশন প্রদর্শনের বিশ্বখ্যাত ভিত্তি হিসেবে পরিচিত চীন ফ্যাশন সপ্তাহ যুক্তরাষ্ট্রের তুলায় তৈরি উন্নত কাপড়ের ডেনিম পোশাক প্রদর্শনের অনন্য সুযোগ করে দেয়।

আদ্রিয়ানো গোয়েস্মিথ বলেন, “ এই রানওয়ে শো বা চলন্ত প্রদর্শনী সফল করতে কটন ইউএসএ যা কিছু করেছে সেজন্য আমি গভীরভাবে কৃতজ্ঞ। তিনি বলেন, “ চীন আন্তর্জাতিক ফ্যাশন সপ্তাহে এটিই ছিল আমার প্রথম অংশগ্রহণ। প্রযুক্তিগত উন্নয়ন এবং পূর্ব ও পশ্চিমের নকশার ধারণা গ্রহণের মাধ্যমে প্রচলিত ডেনিমকে আরও ফ্যাশনেবল করতে এই চলন্ত প্রদর্শনীতে চ্যান ওয়েনের সঙ্গে কাজ করে আমি গর্বিত।



অংশীদার

চীন ফ্যাশন সপ্তাহ উৎপাদনকারী ও ফ্যাশন ডিজাইনারদের মধ্যে নিবিড়ভাবে কাজ করার ভিত্তি করে দেয়া সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো, যুক্তরাষ্ট্রের তুলার উন্নত কাপড়ের প্রতি তাদের মনোযোগ প্রদানের সুযোগ করে দেওয়া হয়। চ্যান ওয়েন বলেন, “কটন ইউএসএর প্রতি গভীরভাবে ঋণী, যা তাদের অনুমোদিতদের সঙ্গে ডিজাইনারদের একত্রে কাজ করার ভিত্তি গড়ে দিয়েছে।” ডেনিম সংগ্রহটি তৈরি হয়েছে যুক্তরাষ্ট্রের তুলায় উন্নতভাবে বোনা কাপড়ে। এছাড়া ছিল চীনের দুটি শীর্ষ ডেনিম উৎপাদনকারী হেং লিয়াংয়ের বোনা ডেনিম কাপড় ও অ্যাডভান্স ডেনিম।



অ্যাডভান্স ডেনিমের মহাব্যবস্থাপক অ্যামি ওয়াং বলেন, “এক দশকের বেশি সময় ধরে কটন ইউএসএরটিএম অনুমোদিত হওয়ায়, আমাদের পণ্য উৎপাদনের বেশিরভাগ সারিতেই (লাইন) আমরা যুক্তরাষ্ট্রের তুলা ব্যবহার করছি।” তিনি আরও বলেন, “এই সংগ্রহ ডিজাইনারদের সৃজনশীলতার সন্নিবেশে যুক্তরাষ্ট্রের উন্নত মানের তুলার কাপড়ের নতুনত্বের বিষয়টি আলোকপাত করে প্রদর্শন করেছে।”



COTTON USA™
THE COTTON THE WORLD TRUSTS

হাই-ফ্যাশন

এই আয়োজন কটন ইউএসএকে মান ও পরিবেশবান্ধবের মতো যুক্তরাষ্ট্রের তুলার সুবিধাগুলো ফ্যাশন সমাজকে জানানোর বড় সুযোগ করে দেয়। এছাড়া সিসিআইয়ের 'কটনে নতুন কীটিএম' বৈশ্বিক উদ্যোগের অধীনে নতুন উদ্ভাবন প্রদর্শনের ব্যবস্থা করে।

কটন ইউএসএ অনুমোদিতরা, সরকারি কর্মকর্তা, বিভিন্ন টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, সংবাদমাধ্যমের প্রতিনিধিরাসহ প্রায় ৪০০ অতিথি অনুষ্ঠানে অংশ নেয়। উল্লেখযোগ্য অতিথিদের মধ্যে ছিলেন, সিএনটিএসির প্রেসিডেন্ট সান রুই ঝে, চায়না ন্যাশনাল গার্মেন্টস অ্যাসোসিয়েশনের (সিএনজিএ) ভাইস প্রেসিডেন্ট ইয়াং জিন চান, চায়না ফ্যাশন অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট ঝ্যাং কিং হুই, বেইজিংস্থ ইউএসডিএর এগ্রিকালচারাল ট্রেড অফিসার মার্ক ফোর্ড।



COTTON USA™
THE COTTON THE WORLD TRUSTS

পারিতোষিক মূল্য

সরবরাহকারী ও ক্রেতার মধ্যে নিবিড় সম্পর্ক গড়তে নিবেদিতভাবে কাজের মাধ্যমে সমগ্র সরবরাহ ব্যবস্থার ওপর কটন ইউএসএ কীভাবে পারিতোষিক মূল্য যোগ করে, এই সমন্বিত উদ্যোগ তারই একটি উদাহরণ। সরবরাহ ব্যবস্থা জুড়ে যোগাযোগ ঘটাতে কটন ইউএসএর আছে বিভিন্ন প্রকল্প। এগুলোর লক্ষ্য হলো যুক্তরাষ্ট্রের তুলার মানসম্পন্ন সরবরাহকারীদের সহজেই খুঁজে পেতে কারখানা, উৎপাদনকারী, ব্র্যান্ড ও খুচরাদের সহায়তা।

অনুমোদিত ও অংশীদারিত্বের সুযোগ সম্পর্কে আরও জানতে, আপনার স্থানীয় সিসিআই প্রতিনিধির সঙ্গে যোগাযোগ করুন। অঞ্চল অনুযায়ী প্রতিনিধিদের তালিকা দেখতে [এখানে ক্লিক](#) করুন।